# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৪৫/২০১৯/১৪৮২৯

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

রামারপোল দারুস সুন্নাত নেছারিয়া রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ রামারপোল, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২-১১-২০২৪ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়নের তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২১-১১-২০২৪ থেকে ২০-১১-২০২৮ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে তুলতে হবে;
২. মাদরাসার সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
৩. শিক্ষকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে;
৪. যুগোপযোগী মানব সম্পদ তৈরির জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরিসহ পড়াশোনার জন্য অনুকূল পরিবেশ তৈরি করতে হবে, যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৫. মাদরাসার অডিটোরিয়াম-কে সুসজ্জিত করাসহ পর্যাপ্ত বৈদ্যুতিক ফ্যানের ব্যবস্থা করতে হবে;
৬. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) শিক্ষকগণকে প্রতি সেমিস্টারে ৪ (চার) মাস অন্তর প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;
৭. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৮. শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তিতে দক্ষতা অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে, যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৯. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে;
১০. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে;
১১. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
১২. মাদরাসার অবকাঠামো সংস্কার করে পাঠদান উপযোগী করে গড়ে তুলতে হবে;
১৩. শিক্ষকসহ অন্যান্য কর্মচারীদের শূন্যপদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১৫. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১৬. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭.৭.২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, রামারপপোল দারুস সুন্নাত নেছারিয়া রহমানিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ রামারপোল, উপজেলাঃ মুলাদী, জেলাঃ বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৪৫/২০১৯/১৪৮২৯

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, রামারপপোল দারুস সুন্নাত নেছারিয়া রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: রামারপোল, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

17.07.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫